



Cambridge IELTS 13

(GT) রিডিং Passage

Saifur Rahman Khan

Managing Director,
S@ifur's.
Ex-lecturer,
IBA,
University of Dhaka.

B.Sc. Engg.(EEE, BUET);
MBA,
International University of Japan.
Monbusho Scholar.
Top Scorer (740 > 99%) in GMAT

Edition **□ 2025**
Published By **□ S@ifur's Publication**
Copyright © **☞ Saifur Rahman Khan**

[এই বই অথবা বইয়ের কোনো অংশ pdf করে বিক্রি করা বা free সরবরাহ করা আইনত দণ্ডনীয়]

Distributor

18/2, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদ ময়েজউদ্দিন রোড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)

প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা।

মোবাইল: 01713 43 20 64/15; 01613 43 20 16



YouTube চ্যানেল :

www.youtube.com/saifursofficial



S@ifur's-এর বই পেতে :

01713 43 20 15; 01613 43 20 16

(10 am 5 pm)



English ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে :

www.saifursbooks.com

Compose & Design

Md. Al-Mamun Ferdous; Sheikh Abdul Kuddus

Price: Tk. 200 (Fixed); US \$ 5 only

Table of Contents

Test # 1

Section # 01	: The best suitcases	001
	: The Oxford School of Drama	005
☞	“Passport to Grammar” বইয়ের একটি নমুনা পৃষ্ঠা দেয়া হলো	008
Section # 02	: Border Crossing for Commercial Vehicles	009
	: Appendix: Dealing with absence in the workplace	013
Section # 03	: A visit to Oymyakon, the world’s coldest town	019
☞	S@ifur’s “4G গ্রামার” বইয়ের দু’টি নমুনা পৃষ্ঠা দেয়া হলো:	031

Test # 2

Section # 01	: Online roommate finder: Toronto	033
	: Smartphone: fitness apps	037
Section # 02	: Why you should delegate tasks to team members	043
	: Choosing the right format for your CV	047
☞	S@ifur’s “অনুবাদ পিডিয়া” বইয়ের একটি নমুনা পৃষ্ঠা দেয়া হলো:	052
Section # 03	: Dinosaurs and the secrets they still hold	053
☞	S@ifur’s “Competitive Vocabulary” বইয়ের দুইটি নমুনা পৃষ্ঠা দেয়া হলো:	065

Test # 3

Section # 01	: New York Late-Starters String Orchestra	067
	: The 7 best running watches	071
Section # 02	: Employees’ health and safety responsibilities	077
	: Our company notices	082
☞	S@ifur’s “Competitive Vocabulary” বইয়ের একটি নমুনা পৃষ্ঠা দেয়া হলো:	086
Section # 03	: Vanilla – the most wonderful flavor in the world	087
☞	S@ifur’s “Reading Skills” বইয়ের একটি নমুনা পৃষ্ঠা দেয়া হলো:	098

Test # 4

Section # 01	: The Guardian Newspaper’s Travel Photography Competition	099
	: Running headphones	104
Section # 02	: A case study of a risk assessment for general office cleaning	109
	: Preparing for a virtual job interview	114
Section # 03	: Tuning up your leadership skills	119

টরেন্টোর বাংলাদেশীরা

বছর সাতেক আগে প্রথম আলো পত্রিকার ভিতরের পাতায় একটা ফিচার ছাপা হয়েছিলো উপরে দেয়া শিরোনামে। সেটাতে একটা ঘটনা ছিলো এরকম: “ঢাকা বিশ্ববিদ্যালয়ের IBA থেকে MBA করা প্রাইভেট ব্যাংকের ভাইস-প্রেসিডেন্ট পদমর্যাদার এক কর্মকর্তা সপরিবারে কানাডায় মাইগ্রেশন করেন। মাইগ্রেশনের এক বছরের মাথায় তিনি আত্মহত্যা করেন।”

এই আত্মহত্যার বহু কারণ থাকতে পারে। কিন্তু এই ধরনের উঁচু-পদওয়ালা professional-দের বিদেশে যেয়ে আত্মহত্যার একটা মূল কারণ হলো পেশাগত হতাশা। কিভাবে? তিনি যখন বাংলাদেশে চাকুরিতে ছিলেন, তখন তাকে সবাই ‘স্যার’, ‘স্যার’ বলতো। তিনি দেশে ছিলেন ‘হিরো’। কিন্তু কানাডায় গিয়ে তিনি হয়ে গেলেন _____ হ্যাঁ, একটা বড় ‘জিরো’।

আমরা বাংলাদেশীরা একটা জিনিস ভুলে যাই। বাংলাদেশের কোনো ডিগ্রীর নাম বিদেশে নাই। তার মানে, শুধু বাংলাদেশের MBBS / BSc / MBA দিয়ে কানাডা / আমেরিকার কোনো কোম্পানিতে সরাসরি White কলার job তথা officer-এর চাকুরি পাওয়া যাবে না। ফলে, যারা কানাডায় migrate করে যান, তারা ওখানে গিয়ে প্রথমে OC-DC মার্কা বিভিন্ন odd-জব করেন। OC মানে = Onion Cutting (আদা-রসুন-পিয়াজ কাটা-ছিলা) এবং DC মানে = Dish Cleaning (খালা-প্লেট-পাতিল ধোয়া)। তার মানে, রেস্টুরেন্টে কিচেনে কাজ, বা waiter-এর কাজ বা petrol pump / মার্কেটে salesman-এর কাজ প্রভৃতি।

এইসব কাজ হয়তো ৫ মাস / ৮ মাস করা যায়। কিন্তু একজন অফিসারকে কানাডা যাওয়ার পর বাকি জীবনেই যখন এই ধরনের কাজ করা ছাড়া উপায় থাকে না, তখন প্রেসটিজ, আত্মসম্মান, শারীরিক সক্ষমতা প্রভৃতি মিলে একটা হতাশা সৃষ্টি হয়, যদিও কানাডায় তার আয়-উপার্জন দেশের চেয়ে বেশিই হবে। এই অবস্থা থেকে উত্তরণের একমাত্র উপায় হলো কানাডা বা ঐ বিদেশে গিয়ে ঐ দেশের একটা শিক্ষাগত সার্টিফিকেট অর্জন করা – ১ বছরের মাস্টার্স হোক বা অন্য কোনো professional certification। কিন্তু এই সার্টিফিকেট অর্জনই আমরা আর করতে পারি না, যেটার main কারণ হলো English-এর দুর্বলতা!

হ্যাঁ, English বই দেখলে বাঙালির কি শান্তি লাগে, না, জ্বর উঠে ?? তুমি – হ্যাঁ, তুমি – তোমার নিজের কথা চিন্তা করো – গত ৩ বছরে তুমি কয়টা English বই পড়েছো ?? আর এই জ্বর উঠার এবং English বই না পড়ার মূল কারণ হলো—

‘বড় বড় English বাক্যের বাংলা অর্থ আমরা তৃপ্তি মতো বুঝি না!’

⊗ বাকী অংশ পড়ুন এই বইয়ের একদম শেষ পৃষ্ঠায়

Test-1

Section # 1

Step # 1

প্রদত্ত Text-এর Title-টা মন দিয়ে পড়লাম: **The best suitcases**

তার মানে, এখানে সেরা কিছু সুটকেস নিয়ে আলোচনা করা হয়েছে।



Step # 2

Title-টা পড়েই সরাসরি প্রশ্নে যেয়ে 1 – 7-এ কতগুলো statements পেলাম। statements-গুলোকে বাম page-এর A – G-এর *suitcase*-গুলোর সাথে match করাতে হবে।

Step # 3

যেহেতু এই ধরনের প্রশ্নের উত্তরগুলো serially থাকে না, আবার 1 – 7-এর sentence-গুলোর সবগুলো পড়ে ফেললে এতগুলো তথ্য মাথায় জট পাকিয়ে যাবে, তাই প্রথম ৩/৪ টা statements বা বাক্য মন দিয়ে পড়লাম:

1. *This suitcase is for those who wish to purchase expensive luggage.*
(এই সুটকেসটা তাদের জন্য যারা দামি ব্যাগ ক্রয় করতে ইচ্ছা করে।)
2. *This suitcase is the right one for people who like to follow the latest fashion.*
(এই সুটকেসটা এসব লোকদের জন্য সঠিক সুটকেস যারা latest ফ্যাশন অনুসরণ করতে পছন্দ করে।)
3. *It is easy to choose one of these suitcases to match most clothing.*
(বেশিরভাগ পোশাকের সাথে match করাবার জন্য এই সুটকেসগুলোর একটিকে পছন্দ করা সহজ।)
4. *The manufacturer is confident that this suitcase will last (লাস্ট = টিকে থাকা) a long time.*
(এই সুটকেসটির প্রস্তুতকারক আত্মবিশ্বাসী যে এই সুটকেসটা দীর্ঘ সময় টিকবে।)

Step # 4

দ্রুত passage-এ যেয়ে A-এর শুরু থেকে মন দিয়ে পড়ে পেলাম:

The strong nylon outer fabric is water and abrasion resistant.

Step # 5

A-এর সুটকেসের এই বৈশিষ্ট্যটি প্রশ্নের (1 – 4)-এর বক্তব্যগুলোর কোনোটার সংগেই match করে না। তাই প্রশ্নের 5-নং বক্তব্যটাও মন দিয়ে পড়ে ফেললাম: *Items in this suitcase will not be affected if it gets wet. water resistant*, মানে, এই ধরনের সুটকেসের ভিতরে পানি ঢুকতে পারে না, যার ফলে এর ভিতরের জিনিসপত্রের কোনো ক্ষতি হবে না।

বোঝাই যাচ্ছে, A-এর সুটকেসের বৈশিষ্ট্যটি 5-এর বক্তব্যের সাথে মিলে যায়। অতএব, 5-এর উত্তর A।

Step # 6

Passage-এ ফেরত যেয়ে B-এর শুরু থেকে মন দিয়ে পড়ে পেলাম:

..... this bag from the renowned fashion house is a truly indulgent (ইন্ডাল্-জেন্ট) buy.

indulgent শব্দটা এসেছে *indulge* (ইন্ডাল্-ভোগ বিলাসের ব্যাপারে নিজেকে প্রশ্রয় দেয়া) থেকে। তাই, ‘*indulgent*’ অর্থ ‘নিজেকে অতিরিক্ত প্রশ্রয় বা লাই দেয় এমন, মানে, সংযমী নয় এমন’। তাহলে, ‘*indulgent buy*’ দ্বারা বুঝানো হলো, কোনো কিছু কেনার সময় টাকা-পয়সা খরচের ব্যাপারে যারা বেহিসাবী অর্থাৎ, প্রচুর টাকা খরচ করে সবচেয়ে দামি জিনিসটি কিনে, শুধুমাত্র তাদের জন্যই এই ধরনের *suitcase*।

Step # 7

দ্রুত প্রশ্নে যেয়ে একেবারে প্রথম বক্তব্যটি মন দিয়ে পড়লাম:

1. This suitcase is for those who wish to purchase (পার্চেইয় - কেনা) expensive luggage.

বোঝাই যাচ্ছে 1-এর উত্তর হবে B।

Step # 8

Passage-এ যেয়ে C মন দিয়ে পড়লাম। C-এর সুটকেসের সাথে প্রশ্নের 1 – 7-এর বৈশিষ্ট্যগুলোর কোনটাই *match* করে না। কাজেই C বাদ দিয়ে D-এর প্রথম থেকে মন দিয়ে পড়ে পেলাম:

They also come in a huge range of cheerful colours that should go with anything you choose to put on, (অর্থাৎ, সেগুলো, মানে, এই ধরনের সুটকেসগুলো বহু বিচিত্র রকমের উজ্জ্বল রংয়ে পাওয়া যায় যেটা আপনি যাই কিছু পরিধান করতে চান, তার সংগে মানানসই হবে,)

তার মানে, এই ধরনের *suitcase* যে পোশাকই পরা হবে, তার সাথে *match* করবে।

শব্দের অর্থ

go (গৌ) *with xyz* = *xyz*-এর সংগে যায় = *xyz*-এর সংগে *match* করে।

put on (পুট্ অন) *xyz* = *xyz* পরিধান করা। *cheerful* (চিয়ার্ফুল) = উজ্জ্বল।

Step # 9

প্রশ্ন # 3-এর বক্তব্যে সুটকেসের উপরের বৈশিষ্ট্যের কথা বলা হয়েছে।

3. It is easy to choose one of these suitcases to match most clothing.

তার মানে, # 3-এর উত্তর D।

Step # 10

এবার E পড়া যাক:

For those who want something in between an annual holiday suitcase and a weekend bag, this is a fantastic compromise. [অর্থাৎ যারা *annual holiday suitcase* (তার মানে, বড় সুটকেস) এবং *weekend* (= সাপ্তাহিক ছুটির দিন) *bag*-এর মাঝামাঝি কিছু একটা চায়, তাদের জন্য এটা একটা চমৎকার *compromise* (≈ মীমাংসা; আপোষ), মানে, খুব বড়ও না, খুব ছোটও না, মাঝারি আকৃতির ব্যাগের মধ্যে এটা একটা চমৎকার *choice* হতে পারে।]

সমার্থক

Step # 11

প্রশ্ন # 6-এর বক্তব্যে সুটকেসের উপরের বৈশিষ্ট্যের কথাই বলা হলো:

6. This suitcase is of a useful, medium size.

তার মানে, 6-এর উত্তর E।

Step # 12

প্রশ্নে আছে:

You may use any better more than once. অর্থাৎ, একই প্যারাতে দুটি উত্তর থাকতে পারে।

তাই E-এর পরের বাক্যটাও মন দিয়ে পড়লাম:

With two wheels and a telescopic handle, the bag is guaranteed for 30 years.

তার মানে, E-এর সুটকেসটাতে 30 years-এর গ্যারান্টি দেয়া, মানে, ব্যাগটা ৩০ বছরেও নষ্ট হবে না। অর্থাৎ, ব্যাগটা একটা দীর্ঘ সময় *lasting* করবে।

সমার্থক
শব্দগুচ্ছ

Step # 13

প্রশ্নে যেয়ে মন দিয়ে পড়ে বুঝলাম 4-এর বক্তব্যের সাথে E-এর সুটকেসের বৈশিষ্ট্যটি *match* করে।

4. The manufacturer is confident that this suitcase will last a long time.

তার মানে, 4-এর উত্তরও হবে: E।

Step # 14

এবার Passage-এ যেয়ে F-এর শুরু থেকে মন দিয়ে পড়ে শেষ ২ লাইনে পেলাম:

Custom printed, with Herschel's signature leather toggles this well-crafted case is as cool, stylish and up to date as they come. (অর্থাৎ, এই suitcase-টা শুধু তাদের জন্য যাদের up to date বা latest style তথা ফ্যাশনের প্রতি ঝোঁক বেশি।)

Step # 15

প্রশ্নের 2 এবং 7 এই দুটো বক্তব্য এখন বাকি আছে। 2-এর বক্তব্যটা suitcase-এর উপরের বৈশিষ্ট্যের সংগে মিলে যায়:

2. This suitcase is the right one for people who like to follow the latest fashion.

∴ 2-এর উত্তর: F।

Step # 16

এবার G-এর শুরু থেকে মন দিয়ে পড়লাম:

Travel (ট্রাভেল = ভ্রমণ করণ) in style (ইন্ স্টাইল = পোচ-পাচ করে) with this beautiful suitcase that goes back to the days when trains ran on steam and air travel was leisurely (লেইঝারলি = আয়েশে, তার মানে, ধীরে ধীরে). (অর্থাৎ, style তথা ফ্যাশনের সংগে ভ্রমণ করণ এই সুন্দর সুটকেসটা নিয়ে যেটা ঐ দিনগুলোতে ফিরে যায় যখন ট্রেন চলতো বাষ্প দিয়ে এবং আকাশ পথে ভ্রমণ ছিলো ধীরগতিসম্পন্ন।) তার মানে, এই ধরনের সুটকেস তারাই পছন্দ করবে যারা আগেকার কোনো ভ্রমণের যুগে ফিরে যেতে চায়।)

Step # 17

প্রশ্নে যেয়ে 7-এর বক্তব্যটা মন দিয়ে পড়লাম:

7. Those who want to be reminded of an earlier age of travel will like this suitcase.

বোঝাই যাচ্ছে, 7-এর উত্তর হবে: G।

